NEW YORK STATE | Department of Health

COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থায় কার্বসাইড এবং ইন-স্টোর পিক-আপ খুচরা ব্যবসায়িক কার্যক্রমের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা

আপনি এই নথিটি পরে আপনি নীচে নিশ্চিত করতে পারেন।

15 জুন 2020 এর হিসেবে

উদ্দেশ্য

যেহেতু, COVID-19 জনসাস্থ জরুরি অবস্থা চলাকালীন পথপার্শ্বস্থ এবং দোকান অন্তর্বর্তী খুচরো পিকাপ ব্যবসাগুলো পুনরায় খোলা হচ্ছে, সেহেতু, পথপার্শ্বস্থ এবং দোকান অন্তর্বর্তী খুচরা পিকাপ ব্যবসা সংক্রান্ত কর্মকাণ্ডের জন্য এই অস্থায়ী নির্দেশিকা ("পথপার্শ্বস্থ এবং দোকান মধ্যস্থ খুচরো পিকাপ ব্যবসা সংক্রান্ত কার্যকলাপের জন্য COVID-19 অস্থায়ী নির্দেশিকা") কেবমাত্র পথপার্শ্বস্থ এবং দোকান অন্তর্বতী খুচরা পিকাপ ব্যবসাগুলির মালিক/পরিচালক, তাদের কর্মচারী এবং ঠিকাদারদের COVID-19 এর প্রাদুর্ভাব থেকে সাবধানতা সংক্রান্ত বিধি-নিষেধ প্রদান করার জন্য তৈরি হয়েছে।

এই নির্দেশিকাগুলি কেবলমাত্র ন্যূনতম প্রয়োজনীয়তা এবং নিয়োগকর্তা অতিরিক্ত সতর্কতা এবং নিষেধাজ্ঞা জারি করতে পারেন। এই নির্দেশিকা স্টেটের পুনরায় চালু হওয়ার দ্বিতীয় পর্যায়ের সময় সর্বাধিক পরিচিত জনস্বাস্থ্যের অনুশীলনের উপর ভিত্তি করে তৈরি করা, এবং যে দলিলের উপর এই নির্দেশিকা ভিত্তি করে তা ঘন ঘন পরিবর্তিত হতে পারে এবং হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষ – নিচে সংজ্ঞায়িত অনুযায়ী – কার্বসাইড এবং ইন-স্টোর পিকআপ খুচরা ব্যবসায়িক কার্যক্রম সংক্রান্ত সব স্থানীয়, স্টেট এবং ফেডারেল প্রয়োজনীয়তা পালন করার জন্য দায়বদ্ধ। দায়বদ্ধ পক্ষ এই প্রয়োজনীয়তায় যেকোনো হালনাগাদকরণের সাথে সঙ্গত থাকার জন্য দায়বদ্ধ, সেইসাথে কার্বসাইড এবং ইন-স্টোর পিক-আপ খুচরা ব্যবসায়িক কার্যক্রমের এবং/অথবা সাইটের নিরাপত্তা পরিকল্পনা মধ্যে তা অন্তর্ভুক্ত করার জন্যও দায়বদ্ধ থাকবে।

পটভূমি

7ই মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেছিলেন। সমগ্র নিউইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। আরো ছড়িয়ে পড়া হ্রাস করতে, যেখানে সম্ভব, ব্যক্তিদের মধ্যে অবশ্যই অন্তত 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

20 মার্চ 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.6 জারি করেন, যাতে সমস্ত গৌণ ব্যবসাগুলিকে দপ্তরের দপ্তর মধ্যস্থ কর্মীদের কাজকর্মকে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। অত্যাবশ্যক ব্যবসা, যেমন সাম্রাজ্য রাজ্য উন্নয়ন কর্পোরেশন (Empire State Development Corporation, ESD) এর নির্দেশিকা দ্বারা সংজ্ঞায়িত, এই সীমাবদ্ধতার অধীন ছিল না, কিন্তু, তাদের স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) দ্বারা জারি করা একটি পরিষ্কার এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার জন্য নির্দেশনা ও আদেশ মেনে চলার জন্য নির্দেশ করা হয়, এবং দৃঢ়ভাবে সামাজিক দূরত্ব ব্যবস্থা বজায় রাখার জন্য আহ্বান জানানো হয়।

12ই এপ্রিল, 2020 তারিখে, গভর্নর কুওমো সমসস্ত অত্যাবশ্যকীয় ব্যবসায়ীক প্রতিষ্ঠানকে তার কর্মীদের, যারা কর্মস্থলে উপস্থিত আছে, বিনামূল্যে তাদের মুখের আচ্ছাদন, যা তাদের কাজের সময় জনসাধারণ বা গ্রাহকদের সঙ্গে সরাসরি সংযোগ ঘটার সময় অবশ্যই ব্যবহার করতে হবে, তা প্রদান করতে নির্বাহী আদেশ 202.16 জারি করেছিলেন। 15 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.17 জারি করেছেন, যা দুই বছরের বেশি বয়সী এবং

চিকিৎসাগতভাবে মুখের আবরণ সহন করতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দুরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক অথবা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢাকার জন্য নির্দেশ দেয়। 16 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.18 জারি করেন যা সরকারী এবং বেসরকারী পরিবহণ বা অন্যান্য ভাড়ার পরিবহণ ব্যবহার করা দুই বছরের বেশি বয়সের এবং চিকিৎসাগতভাবে একটি মুখের আবরণ সহণ করতে সক্ষম সকল মানুষকে অবশ্যই কোন যাত্রার সময় তাদের নাক এবং মুখের উপর একটি মাস্ক অথবা মুখের আবরণ পরার নির্দেশ দেয়। এছাড়াও সরকারি বা বেসরকারি পরিবহনের যে কোন পরিচালক বা চালককে একটি মুখের আবরণ বা মাস্ক যা তাদের নাক এবং মুখ ঢেকে রাখে, টা পরার নির্দেশ দেয় যখন তেমন কোন গাড়িতে কোন যাত্রী থাকে। ব্যবসায়িক প্রতিষ্ঠানের পরিচালক/মালিকদের, মুখের আবরণ বা মাস্কের আবশ্যিকতা না মেনে চলা ব্যক্তিবর্গকে প্রবেশ করতে না দেওয়ার অধিকার প্রদান করে গভর্নর কুওমো, 29 শে মে, 2020 তারিখে নির্বাহী আদেশ 202.34 জারি করেছেন।

26শে এপ্রিল, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে তথ্য-পরিচালিত, আঞ্চলিক বিশ্লেষণে পর্যায় ভিত্তিতে নিউইয়র্কে শিল্প এবং ব্যবসা পুনরায় খোলার ব্যাপারে পর্যায় ভিত্তিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করা হবে। 4 মে 2020 তারিখে গভর্নর ব্যবস্থা করেন যে নতুন COVID-19 সংক্রমণ জনসাস্থ পরিষেবা লক্ষণ ভিত্তিক পরীক্ষা এবং কন্টাক্ট ট্রেসিং সহ জনস্বাস্থ্যের বিভিন্ন দিক মাথায় রেখে আঞ্চলিক বিশ্লেষণটি করা হবে। 11 মে, 2020-এ, গভর্নর কুওমো ঘোষণা করেন যে, নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 15 মে, 2020-এর প্রথম পর্যায় শুরু হবে, যা উপলভ্য আঞ্চলিক মেট্রিক্স এবং সূচকের উপর ভিত্তি করে।

নিম্নলিখিত মান ছাড়াও, অত্যাবশ্যক এবং অনাবশ্যক উভয় ব্যবসা স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) এর জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার জন্য নির্দেশনা ও আদেশ মেনে চলতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, নিউ ইয়র্ক স্টেট দ্বারা ইস্যু করা অন্যান্য পরিচালনাবিধি থেকে এই নথিতে উল্লেখ করা পরিচালনা বিধি পৃথক, অধিক সাম্প্রতিক নির্দেশিকা প্রয়োগ করা হবে।

নিউ ইয়র্ক স্টেটে দায়িত্বশীল কার্বসাইড এবং ইন-স্টোর পিক-আপ খুচরা ব্যবসায়িক কার্যক্রমের মানদণ্ড

কোন ফুটপাথের ধার এবং দোকানের ভিতর থেকে পিকআপ খুচরা ব্যবসায়িক কার্যকলাপ নিম্নলিখিত ন্যূনতম রাজ্যের মান এবং প্রযোজ্য ফেডারাল প্রয়োজনীয়তা পূরণ না করে হতে পারে না, যার অন্তর্ভুক্ত, কিন্তু তাতেই সীমিত নয়, আমেরিকানস উইথ ডিজেবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC), পরিবেশ রক্ষা সংস্থা (Environmental Protection Agency, EPA), এবংইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অব লেবার (United States Department of Labor)'স অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Occupational Safety and Health Administration, OSHA)-র ন্যূনতম মান পূরণ করা।

COVID-19 গণস্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতির সময় কার্যরত সব অত্যাবশ্যক এবং অনত্যাবশ্যক - উভয় কার্বসাইড এবং ইন-স্টোর পিক-আপ খুচরা ব্যবসায়িক কার্যক্রমের ক্ষেত্রে এই নির্দেশিকায় থাকা স্টেটের মানদণ্ডগুলি স্টেট দ্বারা সংশোধিত বা রদ না করা পর্যন্ত প্রযোজ্য থাকবে। কার্বসাইড এবং ইন-স্টোর পিক-আপ খুচরা ব্যবসায়িক কার্যক্রমের মালিক, অথবা অন্য কোনো পক্ষ, যেমন মালিক দ্বারা মনোনীত (উভয় ক্ষেত্রে, "দায়বদ্ধ পক্ষগণ"), এই মানদণ্ডগুলি পূরণ করার জন্য দায়বদ্ধ থাকবেন।

নিমনলিখিত নির্দেশিকা তিনটি নির্দিষ্ট বিভাগে সংগঠিত করা হয়েছে: মানুষ, স্থান, এবং প্রক্রিয়াসমূহ

I. মানুষ

A. শারীরিক দূরত্ব

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে যেকোন কার্বসাইড এবং ইন-স্টোর পিকআপ খুচরা কার্যক্রমের জন্য, কর্মীদের উপস্থিতি শুধুমাত্র কার্বসাইড এবং ইন-স্টোর পিকআপ কার্যক্রম পরিচালনা করার জন্য প্রয়োজনীয় কর্মীদের মধ্যে সীমাবদ্ধ, কিন্তু একটি নির্দিষ্ট এলাকার জন্য জনসংখ্যা সর্বোচ্চ ধারণক্ষমতার 50% এর বেশি হতে পারবে না, যার মধ্যে অর্ডার পিকআপ করতে আসা গ্রাহক অন্তর্ভুক্ত যাদের অন্যদের থেকে অন্তত ছয় ফুট দূরত্বে থাকতে হবে অথবা একটি গ্রহণযোগ্য মুখাবরণ পরতে হবে; এবং

- সব কর্মীদের মধ্যে সবসময় অন্ততপক্ষে ছয় ফুটের শারীরিক দূরত্ব বজায় থাকছে কিনা তা দায়বদ্ধ পক্ষদের নিশ্চিত করতে হবে, যদি না মূল কার্যকলাপের নিরাপত্তার জন্য দূরত্ব কমাতে হয় (যেমন নগদ রেজিস্টারের পরিচালনা, পণ্য সরানো এবং তোলা)। যখনই কর্মীদের অন্য ব্যক্তির ছয় ফুটের মধ্যে আসতে হবে, তখন গ্রহণযোগ্য মুখাবরণ পরতে হবে। যদি অন্য কোনো ব্যক্তি অপ্রত্যাশিতভাবে ছয় ফুটের মধ্যে চলে আসেন সেই কারণে কর্মীদের ফেস কভারিং পরে নেওয়ার জন্য সদা প্রস্তুত থাকতে হবে।
    - COVID-19 এর জন্য স্বীকৃত মুখের আবরণগুলির মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, মুখ এবং নাক উভয়ই ঢাকে এরকম কাপড়ের মুখের আবরণ এবং ডিজপোজেবেল মাস্কস।
    - যদিও, কাজের ধরনের জন্য যেখানে সাধারণত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামের (PPE) একটি উচ্চ মানের সুরক্ষার প্রয়োজন সেইসব ক্ষেত্রে কর্মক্ষেত্রের কার্যকলাপগুলির জন্য কাপড়ের, ডিজপোজেবেল, বা অন্যান্য বাড়িতে তৈরি মুখের আবরণ স্বীকৃত নয়। সেইসমস্ত কার্যকলাপের জন্য, পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA) নির্দেশিকা অনুযায়ী সংজ্ঞায়িত করা বিদ্যমান শিল্পের মানদণ্ড অনুযায়ী N95 রেস্পিরেটার বা অন্যান্য PPE ব্যবহার করা অব্যাহত রাখা উচিত।

- দায়বদ্ধ পক্ষ কাজের জায়গা এবং/অথবা কর্মচারীদের বসার এলাকার সংখ্যা এবং ব্যবহার পরিবর্তন এবং/অথবা সীমাবদ্ধ করতে পারে, যাতে শ্রমিকরা সব দিক থেকে অন্তত ছয় ফুট দূরত্ব (যেমন পাশাপাশি এবং যখন একে অপরের মুখোমুখি হয়) বজায় রাখতে পারে এবং একজন ব্যবহারের পর পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে এলাকা ভাগাভাগি না করে। ওয়ার্ক স্টেশন বা জায়গাগুলির মধ্যে দূরত্ব বজায় রাখা সম্ভব না হলে, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই মুখের আবরণ প্রদান করতে হবে সেগুলি ব্যবহার করা বাধ্যতামূলক করতে হবে বা যেখানে প্লাস্টিকে বিভাজক দেওয়ালের মতো বস্তুগত বাঁধা, বায়ুপ্রবাহ, হিটিং, কুলিং, বা বায়ু চলাচলে বাঁধা সৃষ্টি করবে না সেখানে মুখের আবরণের পরিবর্তে সেগুলির বন্দোবস্ত করতে হবে।
    - OSHA নির্দেশিকা অনুযায়ী শারীরিক দূরত্ব বজায় রাখার জন্য বাধা তৈরি করা উচিত।
    - শারীরিক প্রতিবন্ধকতার অন্তর্ভুক্ত হতে পারে: স্ট্রিপ পর্দা, প্লেক্সিগ্লাস বা অনুরূপ উপকরণ, বা অন্যান্য জলরোধী বিভাজন বা পার্টিশন।

- দায়বদ্ধ পক্ষগুলির নিম্নলিখিত ব্যবস্থাগুলির গ্রহণ করা উচিত OSHA নির্দেশিকা "রেস্টুরেন্ট এবং পানীয় বিক্রেতারা যারা টেকআউট অথবা কার্বসাইড পিক আপের সুবিধা প্রদান করছেন তাদের জন্য COVID-19 সংক্রান্ত নির্দেশিকা" (COVID-19 Guidance for Restaurants & Beverage Vendors Offering Takeout or Curbside Pickup) অনুসারে কার্বসাইড এবং ইন-স্টোর পিকআপকে সহজতর করার জন্য:
    - উপলভ্য পরিষেবা, অর্ডার এবং পিকআপের জন্য নির্দেশনা, এবং কার্যক্রমের কর্ম ঘন্টার নির্দেশনা সহ একটি সাইনবোর্ড দরজা বা ফুটপাথে প্রদর্শন করুন।
    - শুধুমাত্র কার্বসাইড এবং ইন-স্টোর পিকআপের জন্য সামনের দরজার কাছে পার্কিংএর জায়গা সংরক্ষণ করুন, যেমনটা প্রযোজ্য।
    - সম্ভব হলে সরাসরি হস্তান্তর এড়িয়ে চলুন।
    - গ্রাহকদের আগমনের সময় বিভিন্ন করার জন্য পিক-আপ টাইম উইন্ডোকে পরামর্শ দিন।
    - অবশিষ্ট গ্রাহকরা ছয় ফুট দূরে বা যানবাহনে অপেক্ষা করার সময় গ্রাহকদের একবারে একটি করে পণ্য তুলতে উৎসাহিত করুন।

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.

- গ্রাহকদের একটি মুখাবরণ ব্যবহার করার প্রয়োজনীয়তার কথা স্মরণ করিয়ে দিন, বিশেষ করে যখন অন্যদের থেকে অন্তত ছয় ফুট দূরত্ব বজায় রাখা সম্ভব নয়।

- দায়বদ্ধ পক্ষের উচিত গ্রাহকদের স্পর্শহীন পেমেন্ট অপশন ব্যবহার অথবা আগে অর্থ প্রদান করতে উৎসাহিত করা, যখন সম্ভব। যেখানে সম্ভব, সেখানে নগদ অর্থ, ক্রেডিট কার্ড, পুরস্কারের কার্ড, এবং মোবাইল ডিভাইসগুলি ঘাঁটাঘাটি ন্যূনতম করুন।

- দায়বদ্ধ পক্ষকে খুচরো পণ্যের বিন্যাস পাল্টানোর জন্য উৎসাহিত করা হচ্ছে যাতে কর্মীরা সমস্ত অভিমুখে অন্ততপক্ষে ছয় ফুটের দূরত্ব বজায় রাখতে পারে, যদি না শারীরিক প্রতিবন্ধকতা থাকে (যেমন ক্যাশ রেজিস্টারে প্লেক্সিগ্লাস অথবা পার্টিশন)।
  - গ্রাহকদের সঙ্গে আলাপচারিতার সময় কর্মীরা কাপড়ের ফেস মাস্ক ব্যবহার করছে কি না তা দায়বদ্ধ পক্ষকে অবশ্যই লক্ষ্য রাখতে হবে।
  - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই যথাযথ সামাজিক দূরত্বের কথা বিবেচনা করে (যেমন, আবদ্ধ-উচ্চ-জনসমাগমের অঞ্চল, ফিক্সচার পুনঃসজ্জিত করা, কর্মচারীদের বিকল্প ক্যাশ রেজিস্টারগুলির ব্যবহার), কর্মচারীদের কাজ করার জন্য পর্যাপ্ত জায়গা সংরক্ষণ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষকে একই সময়ে একাধিক ব্যক্তির ছোট সীমাবদ্ধ স্থান (যেমন ছোট স্টক রুম, ক্যাশ রেজিস্টারের পিছনে, সরু পণ্য আইল, এলিভেটর, স্টক রুম) ব্যবহার নিষিদ্ধ করা উচিত, যদি না একই সময়ে এই ধরনের স্থানের সকল কর্মচারী গ্রহণযোগ্য মুখাবরণ পরিধান করে। যদিও, জনসংখ্যা এলাকার সর্বোচ্চ ক্ষমতার 50% অতিক্রম করতে পারবে না, যদি না এটি একটি একক ব্যবহারকারীর ব্যবহারের জন্য ডিজাইন করা হয়। দায়বদ্ধ পক্ষের উচিত নিরাপত্তা প্রোটোকল বজায় রেখে যত বেশি বাইরের বাতাস ঢোকার ব্যবস্থা করে বায়ু চলাচল বৃদ্ধি করা (যেমন জানালা এবং দরজা খোলা)।

- দায়বদ্ধ পক্ষকে সংকীর্ণ রাস্তা, হলওয়ে, বা জায়গায় তীর দিয়ে টেপ বা চিহ্ন ব্যবহার করে দ্বি-মুখী চলাচল কমানোর ব্যবস্থা রাখতে হবে, এবং সাধারণত ব্যবহৃত এলাকায় বা যেসব জায়গায় সাধারণত লোকজন জড় হয় বা লাইনে দাড়ায় (যেমন ক্লক ইন/আউট স্টেশন, স্বাস্থ্য পরীক্ষা স্টেশন, ব্রেক রুম, ক্যাশ রেজিস্টার এলাকা, লকার রুম) সেখানে ছয় ফুট পর পর দূরত্বের চিহ্ন দিতে হবে।

- মানুষকে সামাজিক দূরত্বের নির্দেশনা মেনে চলার কথা স্মরণ করিয়ে দিতে দায়বদ্ধ পক্ষকে অবশ্যই খুচরা বিক্রয়কেন্দ্রের বাইরে চিহ্ন লাগাতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে স্বাস্থ্য বিভাগ (DOH) এর COVID-19 সংকেতের সাথে সামঞ্জস্যপূর্ণ নিদর্শন স্থাপন করতে হবে। দায়বদ্ধ পক্ষগণ তাদের কর্মস্থল নির্দিষ্ট নিজস্ব কাস্টোমাইজ করা সাইনেজ তৈরি করতে পারেন, কিন্তু সেই সাইনেজ দপ্তরের সাইনেজের সাথে সংগতিপূর্ণ হতে হবে। সাইনেজ কর্মচারীদের এগুলি মনে করিয়ে দেওয়ার জন্য ব্যবহার করতে হবে:
  - যখন ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখা যাবে না তখন মুখাবরণ দিয়ে নাক এবং মুখ ঢেকে রাখতে হবে।
  - PPE যথাযথভাবে সংরক্ষণ করা, এবং যখন বাতিল করতে হবে তখন বাতিল করা।
  - শারীরিক দূরত্বের নির্দেশীকাগুলি মেনে চলা।
  - COVID-19 এর উপসর্গ বা সংক্রমণের প্রতিবেদন করা, এবং কিভাবে এটি করা উচিত।
  - হাতের স্বাস্থ্যবিধি এবং পরিষ্কার ও জীবাণুমুক্তকরণ নির্দেশিকাগুলি মেনে চলা।
  - শ্বাস প্রশ্বাস সংক্রান্ত যথাযথ স্বাস্থ্যবিধি এবং কাশবার শিষ্টাচার মেনে চলা।

B. আবদ্ধ স্থানে সমাবেশ

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই মানুষের সমাবেশ সীমিত করতে হবে (যেমন কর্মচারী সভা, ব্রেক রুম, স্টক রুম) যতটা বেশি সম্ভব এবং ভিডিও বা টেলিকনফারেন্সিং এর মতো অন্যান্য পদ্ধতি ব্যবহার করা, রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এর নির্দেশিকা "ব্যবসা ও নিয়োগকর্তাদের জন্য করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) এর জন্য পরিকল্পনা এবং প্রতিক্রিয়ার অন্তর্বর্তী নির্দেশিকা" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019 (COVID-19))। যখন ভিডিওকনফারেন্সিং বা টেলিকনফারেন্সিং সম্ভব হয় না, তখন দায়িত্বশীল দলগুলোর খোলা, ভালভাবে ভেন্টিলেটারের মধ্যে মিটিং করা উচিত এবং নিশ্চিত করা উচিত যে ব্যক্তি এক আরেকজনের মধ্যে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখবে (যেমন চেয়ার থাকলে, চেয়ারের মধ্যবর্তী জায়গা ছেড়ে দেওয়া, কর্মীদের পর্যায়ক্রমে চেয়ারে বসতে হবে)।

- দায়বদ্ধ পক্ষদের বিশ্রামকক্ষ এবং ব্রেক রুমের মতো ছোট চত্বরগুলিতে পর্যাপ্ত সামাজিক দূরত্বের পালনের অভ্যাস করতে হবে, এবং এই ধরনের এলাকায় যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমিত রাখার জন্য সাইনেজ এবং সিস্টেম (যেমন ব্যবহৃত হচ্ছে বলে চিহ্ন) ব্যবহার করতে হবে; এবং

- দায়বদ্ধ পক্ষকে যে কোন জমায়েতের সময়ে (যেমন, বিরতির সময়, পিকআপের জন্য গাড়িগুলির মধ্যে দূরত্ব) সামাজিক দূরত্ব (যেমন, ছয় ফুট জায়গা) পালন করার জন্য কর্মীদের জন্য বিভিন্ন শিডিউল দিতে হবে।

C. কর্মক্ষেত্রের সক্রিয়তা

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই আন্তঃব্যক্তিগত যোগাযোগ এবং সমাবেশ কমানোর জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে, যেমন:
  - সাইটে শুধুমাত্র প্রয়োজনীয় কর্মচারীদের মধ্যেই সশরীরে উপস্থিতি সীমিত করা;
  - কর্মচারী এবং গ্রাহকদের যানবাহন বেশি সময়কাল ধরে বিস্তৃত করে কর্মক্ষেত্রের সময়ের সামঞ্জস্য বিধান করা;
  - সামাজিক দূরত্বের নির্দেশিকা পালনের জন্য অন-সাইট কর্মচারীর সংখ্যা হ্রাস করা;
  - শিফটিং ডিজাইন (উদাহরণস্বরূপ A/B দল, আগমন/প্রস্থানের বিভিন্ন সময়); এবং/অথবা
  - ব্যাচ কার্যক্রম, যেখানে সম্ভব, যাতে কর্মীরা সামাজিক দূরত্ব মেনে চলতে পারেন এবং একই সময়ে পণ্য স্পর্শ করা হাতের সংখ্যা কমাতে পারেন (উদাহরণস্বরূপ একজন কর্মচারী সকল প্যাকিং করবে এবং একজন পৃথক কর্মচারী ডেলিভারি করবে)।
- দায়বদ্ধ পক্ষের বর্ধিত পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ প্রক্রিয়া সক্রিয় করার জন্য প্রয়োজনীয় হিসাবে খুচরা ব্যবসায়িক সময় সমন্বয় করা উচিত।

D. চলাচল ও বাণিজ্য

- দায়বদ্ধ পক্ষকে যতটা সম্ভব যোগাযোগ সীমিত করতে সাইটে অপরিহার্য নয় এমন দর্শনার্থীদের নিষিদ্ধ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই পিকআপ এবং ডেলিভারির জন্য নির্দিষ্ট এলাকা নির্দিষ্ট করতে হবে, যতটা সম্ভব যোগাযোগ সীমিত করতে।

- দায়বদ্ধ পক্ষের উচিৎ অন্যান্য গ্রাহকদের মধ্যে সামাজিক দূরত্ব বৃদ্ধি করার জন্য গ্রাহকদের ওয়েটিং এলাকার ব্যবস্থা করা (যেমন লাইন, পার্কিং এলাকা) এবং এলাকার অন্যদের সাথে যোগাযোগ কমানোর ব্যবস্থা করা।

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.

- যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষের উচিত একটি স্পর্শহীন ডেলিভারি সিস্টেম বাস্তবায়ন করা যার মাধ্যমে গ্রাহকরা গাড়িতে থাকা অবস্থায় ডেলিভারি সম্পন্ন হয়।

- পণ্যের ডেলিভারির জন্য, দায়বদ্ধ পক্ষগুলির একটি স্পর্শবিহীন ডেলিভারি ব্যবস্থা বাস্তবায়ন করা উচিত যেখানে ডেলিভারির সময় চালকরা গাড়ির ভিতরে থাকেন অথবা, যেখানে সম্ভব নয়, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই প্রত্যাশিত কার্যক্রমের জন্য ডেলিভারি কর্মীদের বিনা মূল্যে গ্রহণযোগ্য ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) প্রদান করতে হবে যার মধ্যে রয়েছে, ন্যূনতম, ডেলিভারি প্রক্রিয়ার সময় ব্যবহারের জন্য একটি কাপড়ের মুখের আবরণ।

- দায়বদ্ধ পক্ষগুলিকে পণ্যদ্রব্যের একটি লোড স্থানান্তর (উদাঃ একজন ডেলিভারি ড্রাইভার থেকে) করার আগে এবং পরে অবশ্যই হাত জীবাণুমুক্ত করতে হবে (যেমন পণ্য লোড করতে শুরু করার আগে হাত জীবাণুমুক্ত করা; এবং একবার সব পণ্য লোড করা হয়েগেলে, আবার তাদের হাত জীবাণুমুক্ত করে সমাপ্ত করা)।

II. জায়গা

A. প্রতিরক্ষামূলক সরঞ্জাম

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই ছয় ফুট দূরত্বের মধ্যে এবং কোন শারীরিক প্রতিবন্ধকতা ছাড়াই (উদাহরণস্বরূপ প্লেক্সিগ্লাস) গ্রাহক বা সহকর্মীদের সাথে মিথস্ক্রিয়া করার সময় মুখাবরণ পরিধান করতে হবে।

- নির্দিষ্ট কর্মক্ষেত্রের ক্রিয়াকলাপের জন্য আবশ্যিক PPE এর প্রয়োজনীয়তা ছাড়াও, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই গ্রহণযোগ্য মুখের আবরণ সংগ্রহ করতে, তৈরি করতে বা অন্যথায় অর্জন করতে হবে এবং এই ধরনের আবরণ কর্মক্ষেত্রে থাকাকালীন কর্মচারীদের বিনা মূল্যে প্রদান করা উচিত। দায়বদ্ধ পক্ষগুলির কাছে মুখের আবরণ, মাস্ক এবং অন্যান্য প্রয়োজনীয় ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE)-এর পর্যাপ্ত যোগান থাকা উচিত, যদি কোনো কর্মচারীর প্রতিস্থাপন প্রয়োজন বা একজন প্রয়োজনীয় দর্শনার্থীর তা প্রয়োজন হয়। গ্রহণযোগ্য মুখাবরণের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, কিন্তু এর মধ্যে সীমাবদ্ধ নয়, কাপড় (উদা: বাড়িতে তৈরি সেলাই করা কাপড়, কুইক কাটা, ব্যান্ডানা), সার্জিক্যাল মাস্ক, N95 রেসপিরেটর এবং ফেস শিল্ড।

- মুখের আবরণগুলি অবশ্যই পরিষ্কার করতে এবং বদলাতে হবে এবং শেয়ার করা যাবে না। অনুগ্রহ করে কাপড়ের মুখাবরণ এবং অন্যান্য ধরনের PPE সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এর নির্দেশিকা দেখুন, একইসাথে তা ব্যবহার এবং পরিষ্কারের নির্দেশাবলী।
  - লক্ষ্য রাখবেন যে, যেসব ক্ষেত্রে কাজের প্রকৃতির কারণে ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম হিসাবে উচ্চ মাত্রার সুরক্ষা প্রয়োজন হয় সেসব ক্ষেত্রে কাপড়, ডিসপোজেবল মুখাবরণ কর্মক্ষেত্রের কার্যকলাপের জন্য মুখ আবরণ হিসাবে গ্রহণযোগ্য নয়। উদাহরণস্বরূপ, N95 রেস্পিরেটরগুলি চিরাচরিতভাবে নির্দিষ্ট খুচরো ব্যবসায়িক কার্যকলাপগুলির জন্য প্রয়োজন হলে, কোনো কাপড় বা বাড়িতে তৈরি মাস্ক সেখানে পর্যাপ্ত হত না। দায়বদ্ধ পক্ষগুলিকে এই ধরনের নিরাপত্তা সরঞ্জামের জন্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই কর্মচারীদের তাদের নিজস্ব স্বীকৃত মুখের আবরণ ব্যবহার করার অনুমতি দিতে হবে কিন্তু কর্মচারীরা তাদের নিজের মুখের আবরণ সরবরাহ করতে পারবেন না। উপরন্তু, এই নির্দেশিকা কর্মীদের তাদের ব্যক্তিগত মালিকানাধীন অতিরিক্ত প্রতিরক্ষামূলক আবরণ (যেমন সার্জিকাল মাস্ক, N95 রেস্পিরেটর, বা ফেস শিল্ড) পরা থেকে প্রতিরোধ করবে না, অথবা অন্যথায় যদি দায়বদ্ধ পক্ষ অনুযায়ী তাদের কাজের প্রকৃতির কারণে কর্মীদের আরো বেশি নিরাপত্তামূলক ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহারের প্রয়োজন হয়। নিয়োগকর্তাদের সকল প্রযোজ্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষদের যন্ত্রপাতি, রেজিস্টার এবং গাড়ির মতো জিনিসগুলি ভাগ করার পাশাপাশি ভাগ করা পৃষ্ঠতলের স্পর্শ সীমিত করতে ব্যবস্থা নিতে হবে; অথবা কর্মীরা যখন শেয়ার করা সামগ্রীর অথবা প্রায়ই স্পর্শ করা পৃষ্ঠতলের সংস্পর্শে আসবে তখন তাদের গ্লাভস (ব্যবসার উপযুক্ত অথবা চিকিৎসাগতভাবে) পরে থাকতে হবে; অথবা সংস্পর্শে আসার আগে এবং পরে কর্মীদের হাত স্যানিটাইজ বা ধুতে হবে।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কোন খাদ্য পণ্য সামলানোর সময় গ্লাভস পরিধান করা হয়।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই PPE - যার মধ্যে মুখ আবরণ অন্তর্ভুক্ত, কিন্তু সীমাবদ্ধ নয়- কিভাবে যথাযথ ভাবে রাখা যায়, খুলে নেওয়া যায়, পরিষ্কার করা হয় (যেমন প্রযোজ্য), এবং ফেলে দেওয়া যায় সেই বিষয়ে কর্মীদের প্রশিক্ষণ দিতে হবে।

B. পরিচ্ছন্নতা, পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ

- প্রাসঙ্গিকতা অনুযায়ী, "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার নির্দেশিকা" (Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) এবং "ছড়িয়ে পড়া থামান" (STOP THE SPREAD) পোস্টার সমেত CDC এবং DOH এর প্রস্তাবিত স্বাস্থ্যবিধি এবং স্যানিটেশনের আবশ্যিক শর্তগুলি মেনে চলা হচ্ছে কিনা তা দায়বদ্ধ পক্ষগণকে নিশ্চিত করতে হবে। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই লগ মেনটেন করতে হবে যাতে পরিষ্করণ ও জীবাণুমুক্তকরণের তারিখ, সময় এবং পরিচ্ছন্নতার পরিসর অন্তর্ভুক্ত থাকবে।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই সাইটে হাতের পরিচ্ছন্নতা স্টেশন সরবরাহ এবং রক্ষণাবেক্ষণ করতে হবে, নিম্নরূপে:
  - হাত ধোওয়ার জন্য: সাবান, গরম জলের কল, এবং ফেলা দেওয়া যায় এরকম কাগজের তোওয়ালে।
  - স্যানিটাইজারের জন্য: অন্তত 60% অ্যালকোহল সমন্বিত কোনো অ্যালকোহল নির্ভর হ্যান্ড স্যানিটাইজার সেই সমস্ত জায়গার জন্য যেখানে হাত ধোয়ার সুবিধা উপলব্ধ বা বাস্তবসম্মত নাও হতে পারে।
- দায়বদ্ধ পক্ষদের হ্যান্ড স্যানিটাইজারের জায়গাগুলির কাছে লক্ষণীয়ভাবে ময়লা হাত সাবান এবং জল দিয়ে ধুতে হবে চিহ্নিত করে সিগনেজ দিতে হবে; হ্যান্ড স্যানিটাইজার লক্ষণীয়ভাবে ময়লা হাতে কার্যকর হয় না।
- PPE সহ, ময়লা জিনিসগুলো ফেলার জন্য দায়বদ্ধ পক্ষকে জায়গাটির চারিপাশে অবশ্যই ফেলার জায়গা রাখতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই শেয়ার করা এবং ঘন ঘন স্পর্শ করা পৃষ্ঠতলের জন্য যথাযথ পরিষ্কার করার এবং জীবাণুমুক্তকরণের সরঞ্জাম প্রদান করতে হবে এবং তাদের কর্মীদের সেই পৃষ্ঠতল ব্যবহারের আগে এবং পরে প্রস্তুতকারকের নির্দেশনা অনুসরণ করে এই সরঞ্জাম ব্যবহার করতে উৎসাহিত করতে হবে, এবং তারপর হাতের পরিচ্ছন্নতার স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকেখুচরো সামগ্রী স্থানটিকে নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে এবং অনেকের দ্বারা ব্যবহৃত উচ্চ ঝুঁকি সম্পন্ন স্থানগুলিকে আরও নিয়মিত পরিষ্কার এবং জীবানুমুক্ত করতে হবে। অবশ্যই খুব ভালো এবং অন্তত প্রত্যেক শিফটের পরে, প্রতিদিন, বা প্রয়োজন অনুযায়ী আরো ঘনঘন ক্রমাগত করে পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ করে যেতে হবে। কীভাবে ফেসিলিটিগুলি পরিষ্কার করবেন তার বিশদ নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে DOH এর "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করার বিষয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) দেখুন।
  - দায়বদ্ধ পক্ষগণকে রেস্টরুমগুলি অবশ্যই নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করা নিশ্চিত করতে হবে। ব্যবহারের পরিমাণের উপর নির্ভর করে বিশ্রামকক্ষ আরো ঘন ঘন পরিষ্কার করা উচিত।

        - যেখানে সম্ভব সেখানে দায়বদ্ধ পক্ষকে অবশ্যই বিশ্রামকক্ষের ধারণ ক্ষমতা হ্রাস করে দূরত্ব বিধিমালা পালন নিশ্চিত করতে হবে।
    - দায়বদ্ধ পক্ষকে নিশ্চিত করতে হবে যে সরঞ্জামগুলো নিয়মিতভাবে নিবন্ধিত জীবাণুনাশক ব্যবহার করে জীবাণুমুক্ত করা হয়, যার মধ্যে অন্তত যতবার কর্মীরা কাজের জায়গা পরিবর্তন করবে ততবার পরিষ্কার করা অন্তর্ভুক্ত। EPA দ্বারা COVID-19-এর বিরুদ্ধে কার্যকর হিসেবে শনাক্ত হওয়া নিউইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation, DEC) নিবন্ধিত পণ্যগুলোর তালিকা ব্যবহার করুন।
    - যদি পরিষ্কার বা জীবাণুমুক্তকরণ পণ্য বা পরিষ্কার এবং জীবাণুনাশক কাজ নিরাপত্তা ব্যাহত করে বা উপাদান বা যন্ত্রপাতির ক্ষতি করে, তাহলে দায়বদ্ধ পক্ষকে কর্মীদের ব্যবহারের মধ্যবর্তী সময়ে হাতের জীবাণুমুক্তকরণ এলাকার ব্যবস্থা করতে হবে এবং/অথবা তাদের ফেলে দেওয়া যায় এমন গ্লাভস সরবরাহ করতে হবে এবং/অথবা এমন যন্ত্রপাতি ব্যবহারকারী কর্মীর সংখ্যা সীমিত করতে হবে।
    - একজন কর্মীর COVID-19 পজিটিভ কেস শনাক্ত হলে তার সংস্পর্শে আসা এলাকাগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা দায়বদ্ধ পক্ষগুলিকে করতে হবে, এই ধরনের পরিষ্কার এবং জীবাণুনাশের প্রক্রিয়ায়, ন্যূনতমপক্ষে, সবথেকে অধিক লোক চলাচল এলাকা এবং বেশি স্পর্শ করা হয় এমন পৃষ্ঠতল (যেমন ভেন্টিং মেশিন, হ্যান্ডরেইল, বাথরুম, দরজার হাতল) অন্তর্ভুক্ত করতে হবে।

- যদি কারোর COVID-19 সংক্রমণের সন্দেহ অথবা নিশ্চয়তা থাকে, তাহলে, "আপনার প্রতিষ্ঠানকে পরিষ্কার এবং তার জীবাণুমুক্তিকরণ" (Cleaning and Disinfecting Your Facility) সম্পর্কিত CDC-এর নির্দেশিকাগুলি হল:
    - অসুস্থ ব্যক্তির ব্যবহৃত জায়গাগুলি বন্ধ করুন।
        - দায়বদ্ধ পক্ষগণ সংক্রমিত অঞ্চলগুলিকে বন্ধ করে দিতে পারলে, তাদের কার্যকলাপ যে বন্ধ করে দিতে হবে তা নয়।
    - এলাকায় বিমান বাতাস বাড়ানোর জন্য বাইরের দরজা ও জানালা খুলুন।
    - পরিষ্কার ও জীবাণুমুক্ত করার আগে 24 ঘন্টা অপেক্ষা করুন। 24 ঘন্টা সম্ভব না হলে, যতক্ষণ সম্ভব ততক্ষণ অপেক্ষা করুন।
    - অসুস্থ ব্যক্তি দ্বারা ব্যবহৃত সকল এলাকা যেমন অফিস, বাথরুম, সাধারণ এলাকা, এবং ভাগাভাগি করা সরঞ্জাম পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন।
    - একবার এলাকা যথাযথভাবে জীবাণুমুক্ত করা হয়ে গেলে, সেটি ব্যবহারের জন্য খোলা যেতে পারে।
        - যে কর্মীরা সেই অসুস্থ ব্যক্তির ঘনিষ্ঠ বা নিকট দূরত্বে ছিলেন না তারা পরিষ্কার এবং জীবাণুমুক্ত হওয়ার অবিলম্ব পরেই কাজের এলাকায় ফিরতে পারেন।
        - "ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি আসা" সম্পর্কে আরো তথ্যের জন্য DOH এর "COVID-19 সংক্রমণ বা সান্নিধ্যে আসার পরে সরকারি এবং বেসরকারি কর্মচারীদের কাজে ফিরে আসা সম্পর্কিত অভ্যন্তরীণ নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখুন।
    - অসুস্থ ব্যক্তির পরিদর্শন বা খুচরা বিক্রয় সুবিধা ব্যবহারের পর যদি সাত দিনের বেশি সময় অতিবাহিত হয়, তাহলে অতিরিক্ত পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের প্রয়োজন নেই, কিন্তু নিয়মমাফিক পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ করা উচিত।

- দায়বদ্ধ পক্ষগুলিকে ফেরত আসা পণ্যের গ্রহণ এবং পুনর্বিক্রয়ের ক্ষেত্রে বিশেষ পরিকল্পনা অথবা নীতি পরিবর্তন করতে হবে যাতে কর্মচারীদের সুরক্ষা সুনিশ্চিত করা যায়।

- ভাগাভাগি করা বস্তু (যেমন পেমেন্ট ডিভাইস), এলাকা, এবং/অথবা পৃষ্ঠ (উদাহরণস্বরূপ দরজা) ব্যবহারের জন্য, দায়বদ্ধ পক্ষকে নিশ্চিত করতে হবে যে এই ধরনের এলাকা এবং বস্তু অন্তত প্রতিদিন পরিষ্কার করা হয়।
- দায়বদ্ধ পক্ষকে ভাগাভাগি করা খাবার ও পানীয় (যেমন বুফে ধাঁচের খাবার) নিষিদ্ধ করতে হবে, বাড়ি থেকে কর্মীদের দুপুরের খাবার আনতে উৎসাহিত, এবং খাবার খাওয়ার সময় সামাজিক দূরত্ব পালন করতে কর্মীদের জন্য পর্যাপ্ত জায়গার ব্যবস্থা করতে হবে।

C. পর্যায়ক্রমিকভাবে পুনরায় শুরু করা

- দায়বদ্ধ পক্ষগণকে পর্যায়ক্রমিক-ভাবে কার্যকলাপগুলি রিওপেনিংয়ের জন্য উৎসাহিত করা হয় যাতে অপারেশনগত সমস্যাগুলি উৎপাদন বা কাজ সম্পর্কিত ক্রিয়াকলাপগুলি স্বাভাবিক পর্যায়ে ফিরে আসার আগে সমাধান করে নেওয়া যায়। দায়বদ্ধ পক্ষের কর্মী সংখ্যা, কর্ম ঘন্টা, এবং যখন প্রথম খুলে দেওয়া হয় যখন উপলভ্য গ্রাহকের সংখ্যা সীমিত করা বিবেচনা করা উচিত, যাতে পরিবর্তনের সাথে সামঞ্জস্য রেখে অপারেশন চালিয়ে যাওয়া যায়।

D. যোগাযোগ পরিকল্পনা

- দায়বদ্ধ পক্ষগণকে নিশ্চিত করতে হবে যে আপনি স্টেটের-ইস্যু করা শিল্পের নির্দেশিকাটি পর্যালোচনা করেছেন এবং বুঝেছেন, এবং এটিও নিশ্চিত করতে হবে যে আপনি সেগুলি কার্যকর করবেন।
- দায়বদ্ধ পক্ষের উচিত কর্মী, দর্শনার্থী এবং গ্রাহকদের জন্য একটি যোগাযোগ পরিকল্পনা তৈরি করা যাতে প্রযোজ্য নির্দেশনা, প্রশিক্ষণ, চিহ্ন এবং একটি সামঞ্জস্যপূর্ণ উপায়ে কর্মীদের তথ্য সরবরাহ করা যায়। দায়বদ্ধ পক্ষ ওয়েবপেজ, টেক্সট এবং ইমেইল গ্রুপ, এবং সামাজিক যোগাযোগ মাধ্যম তৈরি বিবেচনা করতে পারে।
- দায়বদ্ধ পক্ষদের PPE ব্যবহার সম্বন্ধে CDC এবং DOH এর নির্দেশিকা মেনে চলার জন্য গ্রাহকদের উৎসাহিত করতে হবে, বিশেষত মৌখিক কথোপকথন এবং সিগনেজের মধ্য দিয়ে, 6 ফুটের শারীরিক দূরত্ব বজায় রাখা সম্ভব না হলে ফেস কভারিংয়ের বিষয়টি।
- দায়বদ্ধ পক্ষের উপযুক্ত স্বাস্থ্যবিধি, শারীরিক দূরত্ব বজায় রাখার নিয়ম, PPE এর উপযুক্ত ব্যবহার এবং পরিষ্কার ও জীবাণুনাশের প্রোটোকলগুলি মেনে চলার কথা কর্মী এবং গ্রাহকদের মনে করিয়ে দিতে খুচরো দোকানের ভিতরে এবং বাইরে চিহ্ন লাগাতে হবে।

III. প্রক্রিয়াসমূহ

A. স্ক্রিনিং এবং পরীক্ষা

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই বাধ্যতামূলক দৈনিক স্বাস্থ্য পরীক্ষা পদ্ধতি প্রয়োগ করতে হবে।
  - কর্মীরা খুচরা বিক্রয়কেন্দ্রে রিপোর্ট করার আগে, যতদূর সম্ভব স্ক্রিনিংয়ের ব্যবস্থা দূরবর্তী স্থান থেকে করা যেতে পারে (যেমন টেলিফোন বা বৈদ্যুতিক সমীক্ষা); অথবা সাইটেও করা যেতে পারে।
  - স্ক্রিনিং শেষ হওয়ার পূর্বে একে অপরের সাথে ঘনিষ্ঠ বা নিকট দূরত্বে থাকা শ্রমিকদের পরস্পরের মধ্যে একত্রিত হওয়ার থেকে বিরত রাখার জন্য স্ক্রিনিংয়ের ব্যবস্থা করা উচিত।
  - অন্তত পক্ষে সব কর্মী এবং আবশ্যকীয় দর্শনার্থীদের (কিন্তু গ্রাহকদের নয়) স্ক্রিনিং করতে হবে এবং একটি প্রশ্নাবলী ব্যবহার করতে হবে যা নির্ধারণ করে যে কর্মী বা দর্শনার্থীর সাথে নিম্নোক্ত ঘটনাগুলি ঘটেছে কি না:

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.

(a) জেনেশুনে গত 14 দিনের মধ্যে COVID-19 এর জন্য পরীক্ষায় পজিটিভ ফল এসেছে বা যার মধ্যে COVID-19 এর উপসর্গ রয়েছে এমন কারোর ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে থেকেছেন।

(b) গত 14 দিনে তার COVID-19 শনাক্ত হয়েছে কি না, অথবা

(c) গত 14 দিনে তার COVID-19 এর কোনও লক্ষণ দেখা দিয়েছে কি না।

- COVID-19 সংক্রান্ত উপসর্গগুলি সম্পর্কে সবথেকে আপ টু ডেট তথ্যের জন্য "করোনাভাইরাসের উপসর্গসমূহ" (Symptoms of Coronavirus) এর ওপর CDC এর নির্দেশিকা দেখুন।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত কর্মীদের জন্য এটি আবশ্যক করা যাতে, যদি এবং যখন উপরোক্ত কোন প্রশ্নের প্রতি তাদের উত্তরে পরিবর্তন হয় তারা যেন অবিলম্বে তা প্রকাশ করেন, যেমন যদি তারা উপসর্গ অনুভব করতে শুরু করেন, কাজের সময় বা তার পরে।

- সম কর্মসংস্থানের সুযোগ কমিশন (Equal Employment Opportunity Commission) বা DOH এর নির্দেশিকা অনুযায়ী দৈনিক তাপমাত্রা পরীক্ষা করাও হতে পারে। দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারীর স্বাস্থ্য সংক্রান্ত ডেটার (যেমন তাপমাত্রার ডেটা) রেকর্ড রাখার ওপর নিষেধাজ্ঞা রাখা হয়েছে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, তাপমাত্রা পরীক্ষা সহ, স্ক্রিনিং কার্যকলাপ সম্পাদনকারী যেকোনো ব্যক্তিকে, সম্ভাব্য সংক্রমিত কর্মী বা খুচরা বিক্রয়কেন্দ্রে আসা দর্শনার্থীদের সংস্পর্শে আসা থেকে যথাযথ ভাবে সুরক্ষিত করা হয়েছে। যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC), স্বাস্থ্য বিভাগ (DOH) এবং পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) প্রোটোকলের সাথে পরিচিত কর্মকর্তা-চিহ্নিত ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হওয়া উচিত।

- স্ক্রিনিং করা কর্মীদের জন্য কমপক্ষে একটি ফেস মাস্ক সহ ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) প্রদান করা উচিত এবং তাদের তা ব্যবহার করা উচিত, এবং তাতে গ্লাভস, একটি গাউন, এবং/অথবা একটি ফেস শিল্ড অন্তর্ভুক্ত হতে পারে।

- COVID-19 উপসর্গগুলির জন্য ইতিবাচক পরীক্ষিত হওয়া একজন কর্মীকে কর্মক্ষেত্রে প্রবেশ করার অনুমদিত দেওয়া যাবে না এবং মূল্যায়ন ও টেস্টিংয়ের জন্য তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করার নির্দেশ দিয়ে বাড়ি পাঠাতে হবে। দায়বদ্ধ পক্ষকে অবিলম্বে স্থানীয় স্বাস্থ্য বিভাগ ও স্বাস্থ্য বিভাগ (DOH) কে COVID-19 এ আক্রান্ত ব্যক্তি সম্পর্কে অবহিত করতে হবে যদি পরীক্ষার ফলাফল COVID-19 রোগ শনাক্ত করে। দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারীটিকে স্বাস্থ্যসেবা ও টেস্টিং রিসোর্সের তথ্য প্রদান করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে, যে সমস্ত কর্মচারী একটি সন্দেহজনক বা নিশ্চিত COVID-19 কেসের পরে বা যে কর্মচারী COVID-19 এর সংক্রমিত একজন ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি আসার পরে কাজে আবার যোগদান করতে চাইছেন তাদের সম্পর্কে প্রোটোকল এবং নীতিমালার জন্য "DOH এর COVID-19 সংক্রমণ বা সান্নিধ্যে আসার পরে সরকারি এবং বেসরকারি কর্মচারীদের কাজে ফিরে আসা সম্পর্কিত অভ্যন্তরীণ নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই যোগাযোগের একটি কেন্দ্রীয় বিন্দু নির্ধারণ করতে হবে, যা কার্যকলাপ, অবস্থান, শিফট বা দিন দ্বারা পরিবর্তিত হতে পারে, যা সকল কর্মচারীর প্রশ্নপত্র গ্রহণ এবং যাচাই করার জন্য দায়ী, সেই ব্যক্তিকে এই ধরনের যোগাযোগ কর্মচারী এবং দর্শনার্থীদের জন্য পক্ষ হিসেবেও চিহ্নিত করা হয়েছে পরে তারা COVID-19 সম্পর্কিত উপসর্গ অনুভব করলে জানানোর জন্য, যেমন প্রশ্নাবলীতে উল্লিখিত আছে।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই একটি সাইট নিরাপত্তা মনিটর মনোনীত করতে হবে যার দায়িত্বের মধ্যে রয়েছে সাইটের নিরাপত্তা পরিকল্পনার সকল দিক সর্বদা মেনে চলা নিশ্চিত করা।

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.

- যতটা সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির উচিত সকল কর্মী ও দর্শনার্থী সহ প্রত্যেক ব্যক্তির একটি লগ বজায় রাখা, যাদের কাজের সাইট বা এলাকায় অন্যান্য ব্যক্তির সাথে ঘনিষ্ঠ যোগাযোগ হতে পারে; সেই সকল ডেলিভারি ছাড়া যা উপযুক্ত ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) এর সাথে বা কন্ট্যাক্টলেস মাধ্যম দ্বারা সঞ্চালিত হয়। লগে যোগাযোগের তথ্য থাকতে হবে, একজন কর্মী COVID-19 এ আক্রান্ত হলে যাতে সব পরিচিতি শনাক্ত করা যেতে পারে, খুঁজে পাওয়া যায় এবং তাকে জানানো যায়। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সংস্পর্শ খুঁজে বের করার উদ্যোগগুলির সাথে সহযোগিতা করতে হবে।

- দায়বদ্ধ পক্ষ গ্রাহকদের স্বাস্থ্য স্ক্রিন সম্পূর্ণ করতে বা যোগাযোগের তথ্য দিতে বাধ্য করতে পারে না কিন্তু গ্রাহকদের তা করতে উৎসাহিত করতে পারে। দায়বদ্ধ পক্ষ গ্রাহকদের যোগাযোগের তথ্য প্রদান করার জন্য একটি বিকল্প প্রদান করতে পারে যাতে তাদের লগ রাখা যেতে পারে এবং প্রয়োজনে যোগাযোগ করা যেতে পারে।

B. শনাক্ত এবং খুঁজে বের করা

- দায়বদ্ধ পক্ষগণ, তাদের সাইটে কোনো কর্মচারীর COVID-19 পরীক্ষায় ইতিবাচক ফলাফল হয়েছে বলে জানতে পারলে অবশ্যই অবিলম্বে স্টেট ও স্থানীয় স্বাস্থ্য দপ্তরকে সে সম্পর্কে অবহিত করতে হবে।

- ব্যবসার টেস্টিংয়ে কথোপকথনকারী কোনো কর্মী, সাক্ষাৎকারী অথবা গ্রাহকের ফল পজিটিভ এলে, কর্মক্ষেত্রে সমস্ত পরিচিতিকে খুঁজে বার করা এবং লগে নাম লেখা সমস্ত কর্মীর স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগে জানানোর জন্য এবং খুচরো ব্যবসায়িক ক্ষেত্রে সেই কর্মীর COVID-19 এর উপসর্গ শুরু হওয়ার অথবা পজিটিভ পরীক্ষিত হওয়ার 48 ঘন্টা আগে প্রবেশ করেছিলেন এমন সাক্ষাৎকারী/গ্রাহককে (যেমন প্রযোজ্য) জানানোর জন্য, যেটি আগে হয়ে দায়বদ্ধ পক্ষদের স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগের সঙ্গে সহযোগিতা করতে হবে, তবে ফেডারেল এবং স্টেট আইন এবং প্রবিধান অনুযায়ী গোপনীয়তা বজায় রাখতে হবে।

- স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য অধিদপ্তর গৃহ বিচ্ছিন্নতা বা সঙ্গনিরোধ সহ সংক্রমিত বা এক্সপোজড ব্যক্তিদের মনিটরিং ও চলাচলে বিধিনিষেধ বাস্তবায়ন করতে পারে।

- যে ব্যক্তিদের COVID-19 থাকা ব্যক্তির ঘনিষ্ট বা নিকট সংস্পর্শে এসেছেন বলে সতর্ক করা হয়েছে, এবং ট্র্যাকিং বা অন্য কোনো পদ্ধতি অবলম্বন করতে সতর্ক করা হয়েছে, সতর্ক হওয়ার পরে তাদের নিজেদের নিয়োগকর্তার কাছে নিজেদেরই রিপোর্ট করতে হবে এবং উপরের উল্লেখিত প্রোটোকল মেনে চলতে হবে।

IV. নিয়োগকারীর পরিকল্পনাসমূহ

দায়বদ্ধ পক্ষকে সাইটে লক্ষণীয়ভাবে নিরাপত্তা পরিকল্পনা প্রদর্শন করতে হবে। COVID-19 এর বিস্তার রোধ করতে পরিকল্পনা গঠনের জন্য স্টেট, ব্যবসার মালিক এবং পরিচালকদের পথ দেখাতে, একটি ব্যবসার রিওপেনিংয়ের নিরাপত্তা পরিকল্পনার টেমপ্লেট উপলব্ধ করেছে।

নিরাপত্তার আরো তথ্য, নির্দেশিকা এবং রিসোর্সগুলি এখানে উপলব্ধ:

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের নভেল করোনাভাইরাসের (COVID-19) ওয়েবসাইট (New York State Department of Health Novel Coronavirus (COVID-19) Website)
https://coronavirus.health.ny.gov/

মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করোভাইরাস (COVID-19) ওয়েবসাইট
https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন COVID-19 ওয়েবসাইট
https://www.osha.gov/SLTC/covid-19/

নিচের লিঙ্কটিতে, নিশ্চিত করুন যে আপনি এই নির্দেশিকা অনুযায়ী পরিচালনা করার জন্য আপনার দায়বদ্ধতা পড়েছেন এবং বুঝেছেন:

https://forms.ny.gov/s3/ny-forward-affirmation

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.